

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
উন্নয়ন-২ অধিশাখা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবনী উদ্যোগ এর ওরিয়েন্টেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি: বেগম মাহমুদা শারমীন বেনু এনজিও, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।  
সভার তারিখ: ১২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ।  
সময়: ১১.০০ ঘটিকা।  
স্থান: অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অফিস কক্ষ।

উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে ধারণা প্রদান করেন। তিনি জানান যে, উদ্ভাবনী উদ্যোগের আইডিয়া আহ্বান করে ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। তিনি উদ্ভাবনী আইডিয়া প্রদান এবং তা বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। অতপর সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২.০ পূর্ববর্তী সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:


সভায় গত ২৯-০৭-২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২.১ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সংক্রান্ত	২.১.১ 'ইনোভেশন টিম' এর সদস্যগণ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইট হতে "উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯" এবং "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯" ডাউনলোড করে তা পড়বেন।	বাস্তবায়িত
২	২.২ "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	২.২.১ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯" এর খসড়া চূড়ান্ত করা হয় এবং তা অনুমোদনের সুপারিশ করা হয়।	বাস্তবায়িত (“বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুমোদন করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।)
		২.২.২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণে এ মন্ত্রণালয়ের সহযোগী সংস্থাসমূহ নির্ধারিত সময়ে স্ব-স্ব সংস্থার "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯" প্রণয়ন করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	বাস্তবায়িত

৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা/ কর্মকর্তা
৩.১	উত্তাবনী উদ্যোগ/ ধারণা আহবান	সভায় উত্তাবনী উদ্যোগের বিষয়ে ধারণা প্রদান বিষয়ে আলোচনা করা হয়। সভাকে অবহিত করা হয় যে, গত ০৭-০৮-২০১৮ তারিখে উত্তাবনী উদ্যোগ/ ধারণা আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উপসচিব (উন্নয়ন-২) জানান যে, আগামি ৩০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে উত্তাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি সকলকে ব্যক্তিগত উদ্যোগে উত্তাবনী উদ্যোগ/ ধারণা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়াও মন্ত্রণালয়ের সহযোগী দপ্তর/সংস্থাকে নূন্যতম ৩টি করে ধারণা প্রদান করার জন্য অনুরোধ করার বিষয়ে সকলে একমত হন।	৩.১.১ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আগ্রহী কর্মকর্তা জরুরিভিত্তিতে উত্তাবনী উদ্যোগ/ ধারণা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।  ৩.১.২ আগামি ৩০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে উত্তাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করা হবে।	দপ্তর/সংস্থা (সকল)  প্রোগ্রামার, মশিবিম

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মাহমুদা শারমীন বেনু এনডিসি)  
 অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)  
 ও চীপ ইনোভেশন অফিসার  
 মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়